

স্বাক্ষর

জেলা পরিষদ, ফেনী	
ক্রঃ নং ৩৮/২৮৪	প্রাপ্তি নং ৩৯
সচিব <input type="checkbox"/>	সহঃ প্রকৌশলী <input type="checkbox"/>
হিসাবরক্ষক <input type="checkbox"/>	উপঃ সহঃ প্রকৌশলী <input type="checkbox"/>
উঃ সহঃ (সঃ) <input checked="" type="checkbox"/>	উঃ সহঃ (কাঃ) <input type="checkbox"/>
সেঃ সহঃ (প্রশাসক) <input type="checkbox"/>	সার্ভেয়ার <input type="checkbox"/>
সেঃ সহঃ (প্রসিক) <input type="checkbox"/>	
প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, ফেনী।	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং - ৪৬.০৪২.০০৬.০০.০০.১৩৯.২০১১-৩৮০৫

তারিখ : ৩.১২.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : জেলা পরিষদে মাস্টাররোলে নিয়োজিত কর্মচারীদের দৈনিক মজুরীর হার বৃদ্ধি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোতে ডাকবাংলোর কেয়ারটেকার পদ সৃজনের বিষয়ে ইতোমধ্যেই অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে (সংযুক্তি-১) এবং পদগুলো সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে প্রেরণ করা হচ্ছে। পদ সৃজনের বিষয়টি সময় সাপেক্ষ হওয়ায় সরকারি অর্থে নির্মিত ডাকবাংলো/ অডিটরিয়ামসমূহ রক্ষণাবেক্ষণের স্বার্থে এ পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভাবে মাস্টাররোলে কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। অর্থ বিভাগের ২৫.৫.২০১১ তারিখের ০৭.১২৯.০০০.৪৬.০০.০০৪.২০১১-২৮ নং স্মারকে সম্মতি প্রদানের প্রেক্ষিতে মাস্টাররোলে নিয়োজিত কর্মচারীদের ১২০.০০ টাকা হতে ১৮০.০০ টাকায় উন্নীত করা হয় (সংযুক্তি-২)।

০২। গত ১১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে জেলা পরিষদের প্রশাসক, প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব ও সহকারী প্রকৌশলীদের নিয়ে এলজিইডি মিলনায়তনে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে 'জেলা পরিষদের উন্নয়ন সংক্রান্ত বার্ষিক পর্যালোচনা সভা-২০১৪' অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বর্তমান বাজার মূল্য বিবেচনায় জেলা পরিষদের ডাকবাংলো ও অডিটরিয়ামে অস্থায়ীভাবে মাস্টাররোলে নিয়োজিত কর্মচারীদের দৈনিক মজুরীর হার ১৮০.০০ (একশত আশি) টাকা হতে ২৮০.০০ (দুইশত আশি) টাকায় উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, জেলা পরিষদের ডাকবাংলো ও অডিটরিয়ামে অস্থায়ীভাবে মাস্টাররোলে নিয়োজিত কর্মচারীদের দৈনিক মজুরীর হার ১৮০.০০ (একশত আশি) টাকা হতে ২৮০.০০ (দুইশত আশি) টাকায় উন্নীতকরণের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বর্ণিত কর্মচারীদের মজুরী বাবদ সমুদয় অর্থ জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।

সংযুক্ত : বর্ণনামতে।

৩৬/১২/১৪

(জুবাইদা নাসরীন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

সিনিয়র সচিব

অর্থ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ----- (সকল)
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,----- (সকল)।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।